(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে)

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
www.ec.org.bd

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০৩২.১৫-৩৫৫

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২২ / ২৫ নভেম্বর ২০১৫

পরিপত্র-১

বিষয়ঃ পৌরসভা সাধারণ নির্বাচন-২০১৫ উপলক্ষে নির্বাচনি সময়সূচি ও রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ এবং মনোনয়নপত্র আহবানের গণ-বিজ্ঞপ্তি জারি, মনোনয়নপত্র দাখিল, নিবন্ধিত রাজনৈতিক দলের ক্ষেত্রে দলীয় মনোনয়ন, স্বতন্ত্র প্রার্থীর প্রার্থিতার সপক্ষে সমর্থনসূচক স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল ও যাচাই ইত্যাদি

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে পৌরসভা নির্বাচনের মেয়র, সংরক্ষিত মহিলা আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য পৌরসভা সাধারণ নির্বাচন-২০১৫ উপলক্ষে নির্বাচনি সময়সূচি ও রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ এবং মনোনয়নপত্র আহবানের গণ-বিজ্ঞপ্তি জারি, মনোনয়নপত্র দাখিল, নিবন্ধিত রাজনৈতিক দলের মেয়র পদে দলীয় মনোনয়ন, স্বতন্ত্র মেয়র প্রার্থীর প্রার্থিতার সপক্ষে সমর্থনসূচক স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল ও যাচাই বিষয়ে বিভিন্ন নির্দেশাবলী নিম্নে উল্লেখ করা হলো:

০১। **নির্বাচনি সময়সূচি:** স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন পৌরসভার মেয়র, মহিলাদের জন্য সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য ২৪ নভেম্বর ২০১৫ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নেবর্ণিত সময়সূচি প্রকাশ করেছেন:

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০৩ ডিসেম্বর ২০১৫ ১৯ অগ্রহায়ণ ১৪২২	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৫-০৬ ডিসেম্বর ২০১৫ ২১-২২ অগ্রহায়ণ ১৪২২	শনিবার-রবিবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৩ ডিসেম্বর ২০১৫ ২৯ অগ্রহায়ণ ১৪২২	রবিবার
(ঘ)	**ভোট গ্রহণের তারিখ**	:	**৩০ ডিসেম্বর ২০১৫** **১৬ পৌষ ১৪২২**	**বুধবার**

উক্ত সময়সূচি মোতাবেক প্রতিটি পৌরসভার জন্য আপনাকে আলাদা গণ-বিজ্ঞপ্তি জারি করতে হবে।

০২। **রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ:** বিধিমালার বিধি ৫ অনুসারে নির্বাচন কমিশন আপনাকে উল্লিখিত নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করেছে এবং আপনাকে সহায়তাদানের জন্য সহকারী রিটার্নিং অফিসারও নিয়োগ করেছে (প্রজ্ঞাপনের অনুলিপি সংযোজিত)।

০৩। **প্রকাশ্য স্থানে সময়সূচির বিজ্ঞপ্তি জারি:** নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য নির্বাচনি সময়সূচি সম্বলিত বিজ্ঞপ্তির অনুলিপি আপনার নিকট প্রেরণ করা হলো যা আপনি বিধিমালার ১০(২) বিধির আলোকে আপনার কার্যালয়, পৌরসভার কার্যালয়, সংশ্লিষ্ট ওয়ার্ড কার্যালয় এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে জারি করবেন।

০৪। **মনোনয়নপত্র আহ্বানের গণ-বিজ্ঞপ্তিঃ** নির্বাচনের সময়সূচির বিজ্ঞপ্তি জারির সাথে সাথে আপনি বিধিমালার বিধি ১১ অনুযায়ী আপনার জন্য সংশ্লিষ্ট পৌরসভার মেয়র এবং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর ও সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহ্বান জানিয়ে গণ-বিজ্ঞপ্তি জারি করবেন। উক্ত গণ-বিজ্ঞপ্তিতে মনোনয়নপত্র দাখিলের স্থান, তারিখ ও সময় উল্লেখ থাকিবে। উল্লেখ্য যে, মনোনয়নপত্র দাখিলের নির্ধারিত তারিখে সকাল ৯টা হইতে বিকাল ৫টা পর্যন্ত সময়কালে আপনার কার্যালয়ে মনোনয়নপত্র গ্রহণ করবেন। গণ-বিজ্ঞপ্তির একটি নমুনা পরিশিষ্ট 'ক'-তে উল্লেখ করা হলো। একই রিটার্নিং অফিসারের অধীন একাধিক পৌরসভা থাকলে ভিন্ন ভিন্ন গণ-বিজ্ঞপ্তি জারি করতে হবে।

০৬। **রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলঃ** বিধিমালার ১২ বিধির (৫) উপ-বিধি অনুসারে প্রার্থী নিজে অথবা তাহার প্রস্তাবক অথবা তাহার সমর্থক রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল করতে পারবেন। **উল্লেখ্য প্রার্থী কর্তৃক মনোনয়নপত্র দাখিলের প্রাক্কালে শুধুমাত্র মেয়র পদের প্রার্থীর ক্ষেত্রে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) অনুযায়ী প্রয়োজনীয় দলিলাদি এবং সকল পদের প্রার্থীর ক্ষেত্রে মনোনয়নপত্রের সহিত বিধি ৪৮ অনুযায়ী সম্ভাব্য নির্বাচনী ব্যয় এবং উৎসের বিবরণী সম্বলিত ফরম-'ঢ' দাখিল করিতে হইবে।** মনোনয়নপত্র দাখিলের পর পরই রিটার্নিং অফিসার দাখিলের দিন ও সময় উল্লেখ করে রসিদ প্রদান করবেন। উক্ত রসিদের নমুনা মনোনয়নপত্রের সাথে সংযোজিত রয়েছে।

০৬। **আপিল কর্তৃপক্ষ নিয়োগঃ** বিধিমালার বিধি ১২ক বা ১৪ (৩) এর অধীন কোন প্রার্থীর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল বা ক্ষেত্রমতে গ্রহণ করা হলে সে প্রার্থী বা ক্ষেত্রমত কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত তারিখের পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে উক্ত বাতিলাদেশ বা ক্ষেত্রমতে গ্রহণের বিরুদ্ধে নির্বাচন কমিশন কর্তৃক নিযুক্ত আপীল কর্তৃপক্ষের নিকট আপীল দায়ের করিতে পারিবেন। তদুদ্দেশ্যে নির্বাচন কমিশন বিধিমালার ১৫ বিধির (৩) উপ-বিধি অনুযায়ী সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকগণকে আপিল কর্তৃপক্ষ নিয়োগ করেছে (কপি সংযুক্ত)।

০৭। **মেয়র পদে নিবন্ধিত রাজনৈতিক দলের ক্ষেত্রে দলীয় মনোনয়নঃ** স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) অনুযায়ী রাজনৈতিক দলের মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাঁদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হতে মনোনয়ন দেয়া হয়েছে। কোন রাজনৈতিক দল কোন পৌরসভায় মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করতে পারবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করলে সংশ্লিষ্ট পৌরসভায় উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবী, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৫ (পাঁচ) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবে এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করবে।

০৮। **মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীর প্রার্থিতার সপক্ষে সমর্থনসূচক স্বাক্ষরযুক্ত তালিকা দাখিলঃ** স্বতন্ত্র মেয়র প্রার্থীর প্রার্থিতার জন্য সংশ্লিষ্ট পৌরসভার ১০০ (একশত) জন ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা মনোনয়নপত্রের সাথে দাখিল করতে হবে। তবে কোন স্বতন্ত্র মেয়র প্রার্থী পৌরসভার মেয়র পদে ইতিপূর্বে নির্বাচিত হয়ে থাকলে তাঁর জন্য ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল করার প্রয়োজন হবে না।

০৯। **স্বতন্ত্র মেয়র প্রার্থীর ভোটারের স্বাক্ষর যুক্ত তালিকা যাচাই পদ্ধতিঃ** স্বতন্ত্র মেয়র প্রার্থীর ভোটারের স্বাক্ষর যুক্ত তালিকা যাচাই এর জন্য নিম্নরূপ বিধান রয়েছেঃ

(১) স্বতন্ত্র মেয়র প্রার্থীকে সংশ্লিষ্ট পৌরসভার ১০০ (একশত) জন ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা মনোনয়নপত্রের সাথে দাখিল করতে হবে। উক্ত তালিকায় নির্ধারিত সংখ্যা হইতে কম সংখ্যক ভোটারের স্বাক্ষর থাকে বা কোন ক্রমিকের তথ্যের গরমিল থাকে তাহলে সংশ্লিষ্ট মনোনয়পত্রটি রিটার্নিং অফিসার বাতিল করবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ১২ (৩) (গ) (ইইই) অধীন প্রাপ্ত স্বতন্ত্র প্রার্থীর তালিকা নির্ধারিত সময়ের মধ্যে ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন মাধ্যমে কমিশনে মনোনীত কর্মকর্তাকে অবহিত করবেন।

(৩) নির্বাচন কমিশনের মনোনীত কর্মকর্তা দৈবচয়নের ভিত্তিকে কম্পিউটার পোগ্রামের মাধ্যমে প্রত্যেক স্বতন্ত্র প্রার্থীর দাখিলকৃত স্বাক্ষর তালিকার ৫ (পাঁচ) টি সংখ্যা চিহ্নিত করবেন, যা ক্রমিক ১ (এক) হইতে ১০০ (একশত) এর মধ্যে হতে হবে এবং উহা রিটার্নিং অফিসারকে ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন মাধ্যমে অবহিত করবেন।

(৪) স্বতন্ত্র প্রার্থী কর্তৃক দাখিলকৃত স্বাক্ষরযুক্ত তালিকায় ১০০ (একশত) এর অধিক নাম ও স্বাক্ষর অন্তর্ভুক্ত থাকলে, যে ক্রমিক হতে এ অধিক সংখ্যার শুরু হয়েছে তা দৈবচয়নের অন্তর্ভুক্ত হবে না।

(৫) নির্বাচন কমিশনের কর্মকর্তা কর্তৃক চিহ্নিত ৫ (পাঁচ) টি সংখ্যার বিপরীতে উল্লিখিত তথ্যাদি রিটার্নিং অফিসার সরেজমিনে তদন্ত করবেন বা করাবেন এবং তদন্ত কর্মকর্তা প্রতিটি সংখ্যার বিপরীতে একটি লিখিত প্রতিবেদন প্রস্তুত করবেন।

(৭) তদন্তের ফলাফলের উপর সংশ্লিষ্ট এলাকার একজন ভোটারে প্রত্যয়ন অথবা যাচাইকৃত ভোটারের স্বাক্ষর/টিপসহি থাকবে। উহাতে সংশ্লিষ্ট এলাকার অপর একজন ভোটারের প্রতিস্বাক্ষর বা টিপসহি থাকবে।

(৮) বিধি ১২ক অধীনে মনোনয়নপত্র বাতিল করা হলে বাতিলের কারণ উল্লেখ পূর্বক রিটার্নিং অফিসার সিদ্ধান্ত লিপিবদ্ধ করবেন।

বিধি ১২ক অনুযায়ী আপনাকে স্বতন্ত্র প্রার্থীর দাখিলকৃত ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০। **ভোটার তালিকার সিডি বিক্রয়ঃ** আগ্রহী প্রার্থীকে মনোনয়পত্র সংগ্রহের সময় প্রতিটি সাধারণ ওয়ার্ডের জন্য ছবিছাড়া ভোটার তালিকার সিডি ৫০০ (পাঁচশত) টাকা হারে চালান বা পে অর্ডার জমা দিয়ে রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ করতে হবে। ভোটার তালিকা সিডি ক্রয়ের অর্থ চালানে জমা দানের কোড **১-০৬০১-০০০১-২৬৩১।**

১১। **মনোনয়নপত্রের সাথে আচরণ বিধির কপি প্রদানঃ** পৌরসভা (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৫ এর কপি এতদসংগে সংযুক্ত করা হলো। মনোনয়নপত্র সংগ্রহের সময় আচরণ বিধির কপি সংশ্লিস্ট মনোনয়নপত্র গ্রহণকারীকে মনোনয়নপত্রের সাথে প্রদান করতে হবে।

১২। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো ।

সংলগ্নীঃ বর্ণনা মোতাবেক

২৫/১১/১৫

(মোঃ সামসুল আলম)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০২-৯১৮০৬৫৩
ফ্যাক্স: ০২-৯১৮০৭৮২

বিতরণ :
(১) রিটার্নিং অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব),............................(সংশ্লিষ্ট সকল)
(২) রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাহী কর্মকর্তা,.......................................(সংশ্লিষ্ট সকল)
(৩) রিটার্নিং অফিসার ও সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, ...(সংশ্লিষ্ট সকল)

নং- ১৭.০০.০০০০.০৩৪.০৩৮.০৩২.১৫-৩৫৫

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২২ / ২৫ নভেম্বর ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/ সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. কমিশনার, ...(সকল বিভাগ)
১০. পুলিশ কমিশনার, ...(সকল)
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৫. জেলা প্রশাসক, ...(সংশ্লিষ্ট সকল) ও আপিল কর্তৃপক্ষ

১৬. পুলিশ সুপার, ...(সংশ্লিষ্ট সকল)

১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...(সকল)

১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]

১৯. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...(সকল)

২০. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২১. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২২. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)

২৩. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ শাখা/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২৪. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, ... (সংশ্লিষ্ট সকল) ও সহকারী রিটার্নিং অফিসার

২৫. অফিসার-ইন-চার্জ, ...(সংশ্লিষ্ট সকল থানা)

২৫.১১.১৫

(মোঃ রাজীব আহসান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৯১৮০৭৮৪
ফ্যাক্স: ০২-৯১৮০৮৪১
ইমেইল ঠিকানা:
rajib_as_ecs@yahoo.com

পরিশিষ্ট-ক

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, মাননীয় নির্বাচন কমিশন এতদ্বারা স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী পৌরসভাসমূহের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ধার্য করিয়া প্রজ্ঞাপন জারি করিয়াছে:

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:		
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:		
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:		
(ঘ)	**ভোট গ্রহণের তারিখ**	:		

০২। এক্ষণে, সেহেতু, আমি .... ও
(নাম) (পদবি)
রিটার্নিং অফিসার, ...পৌরসভা নির্বাচন ২০১৫ উক্ত বিধিমালার বিধি ১১ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করিতেছি যে, ...পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়..........................এ এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়..............................এ আগামী ....তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে সকাল ০৯.০০ টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত গ্রহণ করা হইবে।

তারিখ:.......................................

রিটার্নিং অফিসারের নাম, পদবি ও স্বাক্ষর